



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩ সার্কিট হাউস রোড, ঢাকা ১০০০ ফোন : ৯৩০০৮১-৩, ফ্যাক্স : ৮৮০-২-৪৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: পিআইবি.বাংলা//www.pib.gov.bd
ই-মেইল : dg@pib.gov.bd. সোশ্যাল মিডিয়া : fb.com/pib.gov.bd



বিষয়ঃ পিআইবি'র নৈতিকতা কমিটির জুন ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী


সভাপতি	মোহাম্মদ আফরাজুর রহমান, পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	২৯.০৬.২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১০:০০
স্থান	পরিচালক (প্রশাসন)-এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর শুদ্ধাচার কর্মপরিকল্পনা-এর বিষয়ে উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন), চ.দা-কে আহ্বান জানান। সেই অনুসারে উপপরিচালক (প্রশাসন), চ.দা শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ে ক্রমানুসারে উপস্থাপন করেন। তিনি জানান শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমান কোভিড পরিস্থিতির কারণে কিছু প্রশিক্ষণ কার্যক্রমে সমস্যা হলে ও মে-জুন মাসে আচরণ বিধিমালা ১৯৭৯, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮, সচিবালয় নির্দেশমালা ২০১৪ এবং শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরে পিআইবি'র কর্মকর্তাদের মধ্য থেকে উপপরিচালক (প্রশাসন), চ.দা জনাব মো. জাকির হোসেন এবং কর্মচারীদের মধ্য থেকে যাট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর জনাব মল্লিক আল আমিন কে শুদ্ধাচার পুরস্কার দেয়া হয়েছে।

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অ.দা জনাব মো. আফতাব উদ্দীন ডুঁঞা জানান, শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী পিআইবি'র ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স, তথ্য অধিকার সেবা বক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবা বক্স হালনাগাদ করা হয়েছে।

শুদ্ধাচার কর্মপরিকল্পনার অগ্রগতির আলোচনান্তে সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পাদনে সহযোগিতার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৯/৬/২০২১
(মোহাম্মদ আফরাজুর রহমান)
পরিচালক (প্রশাসন)